জগদাত্মন: জগতিলোকসংগ্রহধন্ম দিপ্রবর্তনেন তরিষন্তরিত্যর্থঃ। দৈবতং পূজ্যত্মনাদিশিতম্ ॥ ৭।১৪ ॥ শ্রীনারদো যুধিষ্টিরম্ ॥ ২৮৬—২৯৩ ॥

শ্রীকৃষ্ণপূজার অঙ্গরূপে ভূতাদি পূজার ব্যবস্থা থাকিলেও কিন্তু শুদ্ধ বৈষ্ণবের পক্ষে তাহা করা কর্ত্তব্য নহে। যেহেতু সেই ভূত-প্রেত-পিশাচাদি ভগবানের আবরণদেবতা হইতে পারে না। পদ্মপুরাণের উত্তরখণ্ডে তাহার। যে ভগবানের আবরণদেবতা হইতে পারে না – এ বিষয়ে নিষেধ করা আছে। যক্ষগণের পিশাচগণের মন্তমাংসাদির দ্বারা যে পূজা, তাহা সর্বথা নিষিদ্ধ। প্রাকৃত স্বর্গীয় দেবগণের পূজা সুরাপান তুল্য মনে করিতে হইবে। অতএব অবশ্যপূজ্য অন্তান্য দেবগণেরও যগপি মন্তাদি অভিমত, তথাপি সেই সকল মত্যাদি দ্বারা তাহাদের পূজা করিবে না। যেমন শ্রীসঙ্কর্ষণ বলদেবচন্দ্রের বারুণিমদিরা প্রভৃতি অভিল্যিত, তথাপি সাধকের কখনও তদ্ধারা পূজা করা কর্ত্তব্য নহে। অনন্তর এই পীঠপূজায় যে অধর্ম এবং সত্ত্ব, রজঃ ও তমঃ—এই তিনটি শুণ আছে, কিন্তু পদ্মপুরাণের উত্তর্থণ্ডে তাহাদের কথা তো স্পষ্টরূপে উল্লেখ নাই-ই, এমন কি অন্তর্দ্ধান বিছাতেও তাহারা সেই যোগপীঠ স্পর্শ করিতে সমর্থ নহে। তেমনই স্বায়ন্তুবাগমেও তাহাদের উল্লেখ নাই। এস্থলে মনে হয় - স্বায়ম্ভবাগম বলিতে ব্রহ্মসংহিতাকে উল্লেখ করা হইয়াছে। অতএব সেই সকল অধর্ম প্রভৃতিকে পীঠাবরণ দেবতারূপে আদর করিতে হইবে না। কিন্তু কেহ কেহ নারদপঞ্জাত্র-অনুসারে অধর্ম প্রভৃতিকে অন্যুরক্ম অর্থ করিয়াছেন। সেই নারদপঞ্চরাত্রে উল্লেখ আছে—অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য – এই চারিটিকে অমঙ্গলার্থে প্রয়োগ করিয়া থাকে। অর্থাৎ অধার্ম্মিক প্রভৃতিতে যে অন্তর্য্যামী শক্তি আছে, সেই উদ্দেশ্যে অধর্ম প্রভৃতি শব্দ উল্লেখ করা হইয়াছে। পীঠপূজায় ভগবানের বামপ্রদেশে ঐত্তিরুপাত্কা পূজাই সঙ্গত। যে এই ভগবান এই জগতে ব্যষ্টিরূপে ভক্তাবতারভাবে ঐত্যক্তস্বরূপ বিভাষান আছেন, সেই শ্রীভগবানই শ্রীভগবানের যোগপীঠে সমষ্টিরূপে শ্রীভগবানের বামপ্রদেশে সাক্ষাৎ অবতাররূপেও শ্রীগুরুষরূপে বিগ্রমান আছেন। সেইপ্রকার শ্রীরামাদি উপাসনায় যে মৈন্দ দ্বিবিদ প্রভৃতি আবরণ দেবতা আছে, তাঁহার। শ্রীরামচন্দ্রের নিত্যধামে নিত্য ও শুদ্ধরূপেই আছেন। যেমন অক্রুরাঘমর্যণে অর্থাৎ শ্রীযমুনাজলে শ্রীঅক্রুর মহাশয় যখন স্নান করিতে-ছিলেন, সেই সময়ে জলমধ্যে অনন্তশয্যায় শায়িত যে বিষ্ণুকে দেখিয়াছিলেন, তাঁহার নিকটে ঐপ্রিপ্রজাদ প্রভৃতিকেও দর্শন করিয়াছিলেন। তাহা ১০।১৯।৫৪ শ্লোকে উল্লেখ করা আছে। যে ঐপ্রিপ্রহলাদ পৃথুমহারাজ কর্তৃক পৃথিবীদোহন সময়ে বৎস হইয়াছিলেন। তখন কিন্তু প্রহলাদ মহাশয়ের জন্ম